

**স্কুলের ভবিষ্যৎ
লইয়া অভিভাবক
মহল উদ্বিগ্ন**

(ইস্বেফাক রিপোর্ট)

বিধা বিভক্ত ব্যবস্থাপনা কমিটি

ও শিক্ষকদের অন্তর্কলহে নগরীর
অগ্রতম প্রাচীন বিদ্যালয় ওয়েস্ট

এও হাই স্কুল প্রায় ধ্বংসের মুখো-
মুখী হইয়া দাঁড়াইয়াছে। গত ৪
মাস ধরিয়৷ এই স্কুলে লেখাপড়া
বন্ধ। স্কুল প্রাঙ্গণে বোমাবাজি
প্রায় প্রাত্যহিক ঘটনায় পরিণত
হইয়াছে। বিবদমান দুই গ্রুপ
শিক্ষকের মধ্যে হাতাহাতির
(২য় পৃঃ ধঃ)

স্কুলের ভবিষ্যৎ

(১ম পৃঃ পর)

ঘটনাও ঘটিয়াছে। এ সকল
ঘটনার প্রেক্ষিতে বহু ছাত্র ইতি-
মধ্যে স্কুল ত্যাগ করিয়া অগ্রত
ভতি হইয়াছে।

স্কুলের প্রধান শিক্ষক বেসর-
কারী শিক্ষক ধর্মঘটজনিত কারণে
গ্রেফতার হইলে গত ২রা মার্চ
সহকারী প্রধান শিক্ষককে ভার-
প্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব অর্পণ
করা হয়। এ সময়ে ব্যবস্থাপনা
কমিটির সভায় সাবেক প্রধান
শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের
অভিযোগ উত্থাপিত হয়। এদিকে
সাবেক প্রধান শিক্ষক মুন্সিলাভের
পর ব্যবস্থাপনা কমিটির চেয়ারম্যান

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও শিক্ষক
প্রতিনিধির বিরুদ্ধে থানায় ডায়েরী
করেন। ব্যবস্থাপনা কমিটি অর্থ
আত্মসাতের অভিযোগে সাবেক
প্রধান শিক্ষককে 'শো কজ' করে।
পরে ব্যবস্থাপনা কমিটির চেয়ার-
ম্যান সাবেক প্রধান শিক্ষককে
তদন্ত সাপেক্ষে সাময়িকভাবে
বরখাস্ত করেন। প্রধান শিক্ষক
বরখাস্ত আদেশ সম্পর্কে বলেন
যে, ব্যবস্থাপনা কমিটির চেয়ার-
ম্যান প্রধান শিক্ষককে বর-
খাস্ত করিতে পারেন না। এই
পর্যায়ে ব্যবস্থাপনা কমিটির সদস্য-
গণ দুই ভাগে বিভক্ত হইয়া
পড়েন। ফলে ভারপ্রাপ্ত প্রধান
শিক্ষক বা সাবেক প্রধান শিক্ষক
কে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের
দায়িত্ব পালন করিবেন উহা
লইয়া বিবাদ চরম আকার ধারণ
করে। স্কুলে বোমাবাজির ঘটনার
পর পুলিশ মোতায়েন করা হয়।
সাবেক প্রধান শিক্ষকের অভি-
যোগের প্রেক্ষিতে অপরপক্ষের
৪ জন শিক্ষককে পুলিশ আটক
করে। ২রা আগষ্ট ভারপ্রাপ্ত
প্রধান শিক্ষক মুলেক কোটে
মামলা দায়ের করিলে সাবেক
প্রধান শিক্ষকের বিদ্যালয়ে
প্রবেশে অন্তর্বর্তীকালীন নিষেধাজ্ঞা
জারি করা হয়।

১৯২০ সালে প্রতিষ্ঠিত ওয়েস্ট
এও হাই স্কুলের এই নৈরাজ্যিক
পরিস্থিতিতে অভিভাবক মহল
স্কুল ও উহার ছাত্রদের ভবিষ্যৎ
সম্পর্কে উদ্বিগ্ন হইয়া পড়িয়াছেন।
সংশ্লিষ্ট মহল হইতে জানা যায়
যে, শিক্ষক রাজনীতির কোললে
ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান
ওয়েস্ট এও হাই স্কুলের ঘটনা
প্রবাহ অভিভাবক মহলে উবেগ
সৃষ্টি করিয়াছে।